



সাভার ইউনিয়ন পরিষদ

উপজেলা : সাভার, জেলা : ঢাকা।

সভার কার্য বিবরনী বহি

সময়শ্রেণী - ১ষ্ঠ . তত্ত্ব উপস্থিতি

তারিখ ০৯/০৮/২০২৩

উপস্থিতি সদস্যদের নাম ও সভার সিদ্ধান্ত :

সভার স্থান: ইউনিয়ন পরিষদ অফিস কক্ষ

সময়: সকাল ১১.০০টাকা

০৯/০৮/২০২৩ তারিখে উপস্থিতি সদস্যগণের নাম ও সভার মন্তব্য

ক্র. নং	নাম	পরিচিতি	সভায় পদবী	স্বাক্ষর
০১	মোঃ সোহেল রানা	চেয়ারম্যান, সাভার ইউপি, ঢাকা।	সভাপতি	
০২	আশুমান আরা	সদস্য সংরক্ষিত আসন(১,২,৩)নং ওয়ার্ড সাভার ইউপি, সাভার, ঢাকা।	সদস্য	
০৩	মনোয়ারা আকতার	সদস্য সংরক্ষিত আসন (৪,৫,৬) নং ওয়ার্ড সাভার ইউপি, সাভার, ঢাকা।	সদস্য	
০৪	কানিজ ফাতেমা	সদস্য সংরক্ষিত আসন (৭,৮,৯)নং ওয়ার্ড সাভার ইউপি, সাভার, ঢাকা।	সদস্য	
০৫	মাসুম	সদস্য, ১ নং ওয়ার্ড, সাভার ইউপি, সাভার, ঢাকা।	সদস্য	
০৬	মো: ইলিয়াস	সদস্য, ২ নং ওয়ার্ড, সাভার ইউপি, সাভার, ঢাকা।	সদস্য	
০৭	মোঃ আব্দুল করিম	সদস্য, ৩ নং ওয়ার্ড, সাভার ইউপি, সাভার, ঢাকা।	সদস্য	
০৮	মো: মজিবুর রহমান	সদস্য, ৪ নং ওয়ার্ড, সাভার ইউপি, সাভার, ঢাকা।	সদস্য	
০৯	মোহাম্মদ আবদুর রহমান	সদস্য, ৫নং ওয়ার্ড, সাভার ইউপি, সাভার, ঢাকা।	সদস্য	
১০	মো: শাহীনুর রহমান শাহীন	সদস্য, ৬নং ওয়ার্ড, সাভার ইউপি, সাভার, ঢাকা।	সদস্য	
১১	মোহাম্মদ আরিফ হোসেন	সদস্য, ৭নং ওয়ার্ড, সাভার ইউপি, সাভার, ঢাকা।	সদস্য	
১২	জন মিল্টন ডি. রোজারিও	সদস্য, ৮নং ওয়ার্ড, সাভার ইউপি, সাভার, ঢাকা।	সদস্য	
১৩	মো: জালাল উদ্দিন খান	সদস্য, ৯নং ওয়ার্ড, সাভার ইউপি, সাভার, ঢাকা।	সদস্য	



সাভার ইউনিয়ন পরিষদ

উপজেলা : সাভার, জেলা : ঢাকা।

সভার কার্য বিবরণী বহি

58

সময় বেলা - ১২:৩০ ঘটিকা

তারিখ ০৩ মার্চ ১৪২৩

উপস্থিত সদস্যদের নাম ও সভার সিদ্ধান্ত :

সভার আলোচ্যসূচী

- ০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। স্বাধীনতার মহান স্মৃতি জাতীয় পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে আলোচনা।
- ০৩। ডিজিটাল সেন্টারের জন্য ০২ টি প্রিন্টার ক্রয়(একটি কালার প্রিন্টার ও একটি লেজার প্রিন্টার)।
- ০৪। ০৪। জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম সম্পর্কে আলোচনা।
- ০৫। সাভার ইউনিয়ন পরিষদের নিজস্ব তহবিলের হিসাব উত্তরা ব্যাংক লিঃ, সাভার শাখা এবং সোশ্যাল ইসলামী ব্যাংক লিঃ, কলমা উপশাখার হিসাব বন্ধ করে সরকারী ট্রেজারী কার্যক্রম পরিচালনা করে।
- ৬। ২০২৩-২০২৪ অর্থবছরে ১% ভূমি হস্তান্তর করের আওতায় প্রকল্প তালিকা প্রস্তুত

আলচ্য সূচী	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন পর্যায়
১। সভারকার্য বিবরণী পাঠ ও অনুমোদন	অদ্য ০৯/০৮/২০২৩ ইং তারিখ রোজ বুধবার সকাল ১১ ঘটিকায় সাভার ইউনিয়ন পরিষদ কক্ষে এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। আলোচনার প্রারম্ভে অদ্যকার সভার সম্মানিত সভাপতি ও সাভার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব সোহেল রানা সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কারও কোন আপত্তি না থাকায় ইহা গৃহিত ও অনুমোদিত হয়।	সকল ইউপি সদস্যবৃন্দ
০২। স্বাধীনতার মহান স্মৃতি জাতীয় পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের জন্য উপজেলা থেকে পত্র দেওয়া হয়েছে। উপজেলা প্রশাসনের সাথে সংগতি রেখে এই জাতীয় শোক দিবস পালন করতে হবে। উক্ত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। অঞ্চলের ০১ নং ওয়ার্ড সদস্য জনাব মাসুম সাহেব মহান স্মৃতি জাতীয় পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকী উপলক্ষে জাতীয় শোক দিবস পালনের জন্য ১৫ আগস্ট বাদ যোহর আলোচনা ও দোয়া মাহফিলের জন্য প্রস্তাব করিলে ০২ নং ওয়ার্ড সদস্য জনাব মোঃ ইলিয়াস সাহেব এর সমর্থনে উক্ত প্রস্তাব সভায় সর্বসমতিক্রমে গৃহিত হয়।	সকল ইউপি সদস্যবৃন্দ	
০৩। ডিজিটাল সেন্টারের জন্য ০২ টি প্রিন্টার ক্রয়(একটি কালার প্রিন্টার ও একটি লেজার প্রিন্টার প্রয়োজন)। উক্ত প্রিন্টার জরুরী ভিত্তিতে ক্রয় না করলে কাজের ব্যাপার ঘটবে এবং জনগণের ভোগান্তির সৃষ্টি হবে। উক্ত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয়। অঞ্চলের ০৫ নং ওয়ার্ড সদস্য জনাব মোহাম্মদ আবদুর রহমান সাহেব ডিজিটাল সেন্টারের জন্য ০২ টি প্রিন্টার ক্রয়ের জন্য প্রস্তাব করিলে ০৪ নং ওয়ার্ড সদস্য জনাব মোঃ মজিবুর রহমান সাহেব এর সমর্থনে	সকল ইউপি সদস্যবৃন্দ	



সাভার ইউনিয়ন পরিষদ

উপজেলা : সাভার, জেলা : ঢাকা।

সভার কার্য বিবরণী বই

সময় খেলা ১১:৩০ অব্দি ইঞ্জি

তারিখ ০১। জানুয়ারী ২০২৩

উপস্থিত সদস্যদের নাম ও সভার সিদ্ধান্ত :

ও একটি লেজার প্রিন্টাৰ)।	উক্ত প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়
০৪। জন্মত্বু নিবন্ধন কার্যক্রম সম্পর্কে আলোচনা (০ থেকে ০১ বছরের মধ্যে)।	সম্মানিত সভাপতি সাহেব সভাকে জানান যে, সরকারী নির্দেশনা মোতাবেক জন্মের ০-০১ বছরের মধ্যে জন্ম নিবন্ধন করা সরকারী নির্দেশনা রয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি সাহেব আরো জানান যে, ০-০১ বছরের মধ্যে সততভাবে জন্মনিবন্ধন নিশ্চিত করণের লক্ষ্যে গ্রাম পুলিশের মাধ্যমে সাভার ইউনিয়নের প্রতিটি বাড়ি বাড়ি যেয়ে জন্মনিবন্ধন তথ্য নিয়ে আসছে এবং সেই মোতাবেক প্রতিদিন জন্ম নিবন্ধন করা হচ্ছে তাছাড়াও জন্মনিবন্ধন সম্পন্ন হওয়ার পর গ্রাহকের হাতে পোছে দেওয়া হচ্ছে এবং শাহু বিভাগ ও পরিবার কল্যাণ বিভাগের মাঠকর্মীদের মাধ্যমে তথ্য নিয়ে জন্মনিবন্ধন করা হচ্ছে। কিন্তু জন্মনিবন্ধনের বর্তমান ঠিকানা সার্ভার থেকে তুলে দেওয়ার জন্য এবং পিতামাতার জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করে দেওয়ার কারণে ০-০১ ছরের শিশুর জন্মনিবন্ধন সংখ্যা হ্রাস পাচ্ছে। এমনকি যেসব বাবা মায়ের ডিভোর্স হয়ে গিয়েছে সেসব শিশুদের জন্য জন্ম নিবন্ধন করা যাচ্ছে না। জনগনের সচেতনতা বৃদ্ধির জন্য অতঃপর জনাবা মনোয়ারা আক্তার সংরক্ষিত আসন ৪,৫,৬ নং ওয়ার্ড সদস্য বলেন যে, ইউনিয়ন পরিষদের সকল সদস্যগণ তার নিজ নিজ দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড থেকে নবজাতক শিশুর জন্মের সাথে সাথে যেন ইউনিয়ন পরিষদকে অবগত করেন সেই ব্যাপারে প্রস্তাব করিলে ৯ নং ওয়ার্ড সদস্য জনাব মোঃ জালাল উদ্দিন খান এর সমর্থনে উক্ত প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।
০৫। সাভার ইউনিয়ন পরিষদের নিজৰ তহবিলের হিসাব উত্তরা ব্যাংক লিঃ, সাভার শাখা এবং সোশ্যাল ইসলামী ব্যাংক লিঃ , কলমা উপশাখার হিসাব বক্ত করে সরকারী ট্রেজারী কার্যক্রম পরিচালনা করে।	সাভার ইউনিয়ন পরিষদে সম্মানিত সভাপতি সাহেব সভাকে জানান যে, সাভার ইউনিয়ন পরিষদের নিজৰ তহবিলের হিসাব উত্তরা ব্যাংক লিঃ, সাভার শাখায় ছিল পরবর্তীতে সোশ্যাল ইসলামী ব্যাংক, কলমা উপশাখায় নিজৰ তহবিলের হিসাব খোলা হয়েছে এবং বর্তমানে উক্ত হিসাবের লেনদেন চলিতেছে। বিগত ০৩/০৮/২০২৩ ইং তারিখে কে, এম, আল-আমীন উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা কর্তৃক সাভার ইউনিয়ন পরিষদ পরিদর্শনে এসে দেখেন যে, সাভার ইউনিয়ন পরিষদের নিজৰ তহবিলের হিসাবটি সোশ্যাল ইসলামী ব্যাংক, কলমা উপশাখায় লেনদেন চলিতেছে অতঃপর বিভিন্ন আলোচনা পর্যালোচনার পর জনাব কে, এম, আল-আমীন উপপরিচালক (উপসচিব) মহোদয় সাভার ইউনিয়ন পরিষদের নিজৰ তহবিলের হিসাব সরকারী ট্রেজারী কার্যক্রম পরিচালনা করে এমন ব্যাংকে হিসাব খোলার জন্য নির্দেশ প্রদান করেন। মহোদয়ের নির্দেশ মোতাবেক অত্র ইউনিয়নের ০২ নং যোর্ডের অন্তর্ভুক্ত বিপিএটিসি এলাকায় সোনালী ব্যাংক লিঃ অবস্থিত আছে। সুতরাং মাননীয় চেয়ারম্যান সাহেব বর্তমানে সোশ্যাল ইসলামী ব্যাংক, কলমা উপশাখা এবং উত্তরা ব্যাংক লিঃ, সাভার শাখার হিসাব বক্ত করে বর্তমানে বিপিএটিসি এলাকায় অবস্থিত “সোনালী ব্যাংক লিঃ”, পিএটিসি শাখায় “সাভার ইউনিয়ন পরিষদ” শিরোনামে একটি চলতি হিসাব খোলার প্রস্তাব করিলে সভার উপর্যুক্ত সকল সদস্যগণের সমর্থনে উক্ত প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং ইউনিয়ন পরিষদের সচিবকে দ্রুত সোশ্যাল ইসলামী ব্যাংকের নিজৰ তহবিলের হিসাব বক্ত করে সোনালী ব্যাংক লিঃ, পিএটিসি শাখায় ইকটি চলতি হিসাব খোলার জন্য অনুরোধ করা হইল।



সাতার ইউনিয়ন পরিষদ

উপজেলা : সাতার, জেলা : ঢাকা।

সতার কার্য বিবরণী বর্তি

সময়বেলা : ২১.৮০ মিট্টি

তারিখ : ০৭/০৮/২০২৪

উপস্থিত সদস্যদের নাম ও সভার সিদ্ধান্ত :

৬। ২০২৩-
২০২৪
অর্থবছরে
১% ভূমি
হস্তান্তর করের
আওতায়
প্রকল্প
তালিকা
প্রস্তুত

সম্মানিত সভাপতি সাহেব সভাকে জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে ১% ভূমি হস্তান্তর করের আওতায় ৩৭,৬২,০০০/- (সাতারিশ লক্ষ বাষটি হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। জরুরী ভিত্তিতে বিভিন্ন ওয়ার্ডে প্রকল্প প্রস্তুত করে পিআইসি ও আরএফকিউ মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করা প্রয়োজন। উক্ত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর ৭ নং ওয়ার্ড সদস্য জনাব মোহাম্মদ আরিফ হোসেন সাহেব সভায় নিম্ন উল্লেখিত পিআইসির মাধ্যমে বাস্তবায়নের জন্য ০৩টি প্রকল্প এবং আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের জন্য ০৭ টি প্রকল্প সর্বমোট ১০ টি প্রকল্পের প্রস্তাব করিলে ০২ নং ওয়ার্ড সদস্য জনাব মোঃ ইলিয়াস সাহেবের এর সমর্থনে উক্ত প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

২০২৩-২০২৪ অর্থবছরের ১% ভূমি হস্তান্তর করের আওতায় পিআইসির মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প তালিকা:

ক্র.নং	প্রকল্পের নাম	ওয়ার্ড নং	বরাদ্দ	খাত	মন্তব্য
১	মণ্ডিকারটেক দুর্দ মোল্লার পুকুরপাড় হতে সালাম হাজীর বাড়ী পর্যন্ত রাস্তা ব্রিক ফ্লাট সলিং ঘারা উন্নয়ন।	০১	২,০০,০০০/-	যোগাযোগ	
২	সি এন্ড বি রাস্তার দুই পাশে সিসি ক্যামেরা বসানো।	০৭	১,০০,০০০/-	অন্যান্য	
৩	সাতার ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ বক্স হতে পুকুর পাড় পর্যন্ত প্রাইটিক পাইপ ড্রেন নির্মাণ।	০৭	১,০০,০০০/-		
সর্বমোট চার লক্ষ টাকা মাত্র।			৮,০০,০০০/-	পয়ঃ নিষ্কাশন	

২০২৩-২০২৪ অর্থবছরের ১% ভূমি হস্তান্তর করের আওতায় আর এফ কিউ এর মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প তালিকা:

ক্র.নং	প্রকল্পের নাম	ওয়ার্ড	বরাদ্দ	খাত	মন্তব্য
১	দেওগাঁও বাজার হতে উত্তর দিকে হিজড়া বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসি পাইপ ড্রেনসহ ব্রিক ফ্লাট সলিং ঘারা উন্নয়ন।	০৮	৭,০৬,২০৯/-	যোগাযোগ ও পয়ঃ নিষ্কাশন	
২	নামাগেড়া রাজীবের বাড়ী হতে শহীদের বাড়ী পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন নির্মাণ।	০৯	৩,০০,০০০/-	পয়ঃ নিষ্কাশন	
৩	সাতার ইউনিয়ন পরিষদের অস্থায়ী কার্যালয়ের (চাপাইন এলাকায়) আসবাবপত্র ক্রয়।	০৩	৪,০০,০০০/-	অন্যান্য	
৪	কলমা বোরহানের বাড়ী হতে শাহিনের বাড়ী পর্যন্ত রাস্তা ব্রিক সলিং ঘারা উন্নয়ন।	০৭	৮,০০,০০০/-	যোগাযোগ	
৫	দেওগাঁও মাদার তেরেসা রোড হতে দিপক কঞ্জা বাড়ি পর্যন্ত ব্রিক ফ্লাট সলিং ঘারা উন্নয়ন।	০৮	৮,০০,০০০/-	যোগাযোগ	
৬	কলমা উত্তর পাড়া বিনোদ ড্রাইভারের বাড়ী হতে কচুর বাড়ী পর্যন্ত রাস্তা এইচ বি বি ঘারা উন্নয়ন।	০৬	৬,০০,০০০/-	যোগাযোগ	
৭	কলমা খাদিজার বাড়ী হতে আক্তারের বাড়ীর পিছনে সীমানা পর্যন্ত ১০ ইঞ্চি গাতনিসহ আরসিসি চালাইসহ ড্রেন নির্মাণ।	০৭	৫,৫৬,০০০/-	পয়ঃ নিষ্কাশন	
সর্বমোট তেত্রিশ লক্ষ বাষটি হাজার দুইশত নয় টাকা মাত্র।			৩৩,৬২,২০৯/-		

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সাহেব সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার
সমাপ্তি ঘোষনা করেন।

গোলম
০১৮৮২৬
মোঃ সোহেল রানা
চেয়ারম্যান
সাতার ইউনিয়ন পরিষদ
কলমা, সাতার, ঢাকা।